

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯২.১৯-১৮৫

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪২৭ ব.  
২২ জুলাই ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪০৩১/২০১৯ মামলার ২১/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি এবং না হয়ে থাকলে vacate করণ বিষয়ে গৃহীত পদক্ষেপের হাল নাগাদ তথ্যাদি টিএমইডিকে অবহিতকরণ সংক্রান্ত।


সূত্রঃ (১) ডিটিই'র স্মারক নং-৫৭.০৩.০০০০.৯০.১৮.০০১.১৬.১৯৫ তারিখঃ ০৪/০৩/২০১৯ খ্রি:  
(২) ডিটিই'র স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৩৫৭.১৫৩১, তারিখঃ ০৪/০৮/২০১৯ খ্রি:  
(৩) ডিটিই'র স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৩৫৭.১৪৮৯, তারিখঃ ১০/০৭/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন শহীদ জিয়াউর রহমান টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ (ভূয়া তথ্য প্রদান ও জাল নিয়োগের মাধ্যমে) জনাব মোহাম্মদ জৌফিকুল আজম কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৪০৩১/২০১৯ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্টের গত ১৭/৭/২০১৬ তারিখের রায়ের {লিড টু আপিল নং- ৩০৯৫/২০১৬ এবং আপিল রিভিউ নং-২৫৭/২০১৮} আলোকে তার এমপিও চূড়ান্তভাবে বাতিল এবং সমুদয় অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদানের নির্দেশনা প্রদান সংক্রান্ত কাশিঅ এর ০৪/০৩/২০১৯ তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে উক্ত রিট মামলাটি দায়ের করা হয়।

২। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ২১/৪/১৯ তারিখের আদেশে উক্ত পত্রের কার্যকারিতায় ৪ (চার) মাসের স্থগিতাদে প্রদান করা হয়। উক্ত স্থগিতাদেশ vacate করণসহ মামলাটি সরকার পক্ষে প্রতদ্বন্দ্বিতা করার জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ ডিটিই হতে ১০/৭/১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে ডিটিই'র বিজ্ঞ প্যানেল আইনজীবীকে এবং সূত্রোক্ত (২) নং স্মারকমূলে বিজ্ঞ সলিসিটর উইং বরারব পত্র প্রেরণ করা হয়। কিন্তু রিট মামলার আদেশ vacate হয়েছে কিনা এ বিষয়ে কোন তথ্য নেই।

৩। রিট পিটিশন নং-৪০৩১/২০১৯ মামলার ২১/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণের বিষয়ে হালনাগাদ তথ্যাদি অর্থাৎ উক্ত আদেশ vacate হয়েছে কিনা? না হয়ে থাকলে এ বিষয়ে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে এ বিষয়ে হাল নাগাদ তথ্য প্রয়োজন।

৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪০৩১/২০১৯ মামলার ২১/৪/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ vacate করা হয়েছে কিনা? হয়ে থাকলে এ মামলার হালনাগাদ তথ্যাদি এবং না হয়ে থাকলে vacate করণ বিষয়ে গৃহীত পদক্ষেপের হাল নাগাদ তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ২০/০৮/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



(মো: আ: খালেদ মিজ্ঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।